মহেশপুরে দুই বাংলাদেশি নাগরিককে ফেরত পাঠাল বিএসএফ

ঝিনাইদহ – ঝিনাইদহের মহেশপুর সীমান্তে বিজিবি ও বিএসএফের কোম্পানি কমান্ডার পর্যায়ের পতাকা বৈঠকে দুই বাংলাদেশি নাগরিককে হস্তান্তর করা হয়েছে। মঙ্গলবার রাত ১০টার দিকে সীমান্তের বাঘাডাঙ্গা বিওপির ৬০/২৯ পিলারের পাশে এ বৈঠক অনুষ্ঠিত হয়। দেশে ফেরত পাঠানো দুই বাংলাদেশি নাগরিক হলেন নারায়ণগঞ্জ সদর উপজেলার ভুইয়াগড় গ্রামের শ্যামল বিশ্বাস (৬৬) ও রঘুনাথপুর গ্রামের রতন সরকার (৫৮)।
পতাকা বৈঠকে নেতৃত্ব দেন মহেশপুর ৫৮ বিজিবির পক্ষে বাঘাডাঙ্গা বিওপির কোম্পানি কমান্ডার সুবেদার আসাদুজ্জামান বিশ্বাস ও বিএসএফের পক্ষে ১৯৪ ব্যাটালিয়নের সুন্দরপুর ক্যাম্পের কোম্পানি কমান্ডার এসি যাদব নাগেশ গৌতম।
মহেশপুর ৫৮ বিজিবির সহকারী পরিচালক সাইফুল ইসলাম বলেন, মঙ্গলবার বিকেলে শ্যামল ও রতন অবৈধভাবে ভারত থেকে বাংলাদেশে আসার চেষ্টা করেন। এ সময় তাদের আটক করেন বিএসএফ সদস্যরা। তাদের ফেরত নিতে বিজিবিকে আহ্বান জানান বিএসএফ সদস্যরা। পরে মঙ্গলবার রাতেই বিজিবি-বিএসএফের মধ্যে পতাকা বৈঠকের পর তাদের ফেরত দেওয়া হয়।